


উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ২০/০৩/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের মতস্য প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রেশমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান..... ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৫/০৩/২০২২ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও ও মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিবকে গফরগাঁও উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহ্বান করেন। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	সভাপতি সভায় জানান যে গবাদি পশুর সেবা শুশ্রূসা নিশ্চিত করতে হবে গরু মোটাতাজা করনের জন্য সর্বপ্রথম গরুর শশ্রূসা নিশ্চিত করতে হবে গরুর ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে ও প্রয়োজনীয় বিষাক্ত পানি খাওয়াতে হবে এবং গোসল করাতে হবে। পুষ্টিকর খাবার তাজা ঘাস খাওয়াতে হবে যত্ন নিলে বিক্রির সময় ভাল দাম পাওয়া যাবে চাষীগণ লাভবান হবে পারবে এজন্য প্রয়োজনীয় সহযোগিতা আমাদের প্রদান করতে হবে। ক. উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও সভায় জানান যে, মৎস্য খামার পরিদর্শন, চাষীদের পরামর্শ, প্রশিক্ষণ, হ্যাচারি ও খাদ্যের দোকান নিবন্ধন ও নবায়ন করা হচ্ছে। এছাড়াও তিনি আরও জানান যে, বর্তমান সময়ে মাছের ক্ষত রোগ হতে পারে বিধায় ক্ষতরোগ হওয়ার পূর্বে ঔষধ ব্যবহার জন্য তিনি পরামর্শ প্রদান করেন এবং মৎস্য চাষে পোলট্রি লিডার ব্যবহার না করার জন্য অনুরোধ জানান এবং পাশাপাশি পিরানহা এবং আফ্রিকান মাগুর মাছ যাতে কেউ চাষ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান পাবদা, গুলশা এবং শিং সহ অন্যান্য মাছ চাষের ক্ষেত্রে আপডেট টেকনোলজি গ্রহণের মাধ্যমে কম খরচে মাছ চাষ করার জন্য তিনি সকলকে আহ্বান জানান।	সভায় বিস্তারিত আলোচনাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়। গফরগাঁও উপজেলায় সকল গরু চাষী ভালো লাভ যাতে করতে পারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)


মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ২৫/০৩/২০২২ খ্রিঃ

স্মারক নং- উপ.মৎস্য.অ/গ.ম/উপজেলা কমিটি/২০২২-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।